



ডিন অফিস  
বিজ্ঞান অনুযদ  
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০, বাংলাদেশ

Tel : 5861 4919  
PABX : 9661900-72/4344, 4345  
E-mail : deanse@du.ac.bd

নং- বি: অনু:/ /২০১৭-২০১৮


তারিখ : ১৫ জানুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দ  
০২ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ

### বিজ্ঞপ্তি-১

‘বিজ্ঞান ইউনিট ভর্তি: ২০১৭-২০১৮

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারী ৭টি কলেজের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ‘বিজ্ঞান ইউনিটে’ মূলগ্রেডশীট জমাদানকারী শিক্ষার্থীদের পছন্দক্রম অনুযায়ী কলেজ ও বিভাগ মনোনয়ন দেওয়া হলো। মনোনীত শিক্ষার্থীদেরকে আগামী ২২/০১/২০১৮ তারিখের মধ্যে ওয়েবসাইট থেকে সংশ্লিষ্ট কলেজের পে-ইন-স্লিপ ডাউনলোড করে দেশের রাষ্ট্রায়াত্ব সোনালী ব্যাংক লি:-এর ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ব্যতীত যেকোনো অনলাইন শাখায় নির্ধারিত ফিস জমা দিতে হবে। অতঃপর ভর্তি পরীক্ষার প্রবেশপত্রসহ ফিস জমাদানের পে-ইন-স্লিপের কপি নিয়ে সংশ্লিষ্ট কলেজে যোগাযোগ করে ২৫/০১/২০১৮ তারিখের মধ্যে নিজ দায়িত্বে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়সীমার মধ্যে ভর্তির কার্যক্রম সম্পন্ন করলে ব্যর্থ হলে ভর্তির মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। সংশ্লিষ্ট কলেজ থেকে ভর্তির ফর্ম ও অন্যান্য কাগজ-পত্রাদি সংগ্রহপূর্বক ভর্তির ফর্মের সঙ্গে (ক) সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি, (খ) সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ হয়েছে সেই প্রতিষ্ঠান প্রধানের প্রসংশাপত্র, (গ) ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের কপি, (ঘ) এস.এস.সি. এবং এইচ.এস.সি. পরীক্ষার গ্রেডশীটের কপি জমা দিতে হবে।

বিভিন্ন কোটায় ভর্তিচ্ছু আবেদনকারীদের বিভাগ বন্টনের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। তাদের করণীয় বিষয়টি ওয়েবসাইটে ([www.7college.du.ac.bd](http://www.7college.du.ac.bd)) বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

  
প্রফেসর ড. মোহাম্মদ আব্দুল আজিজ  
ডিন, বিজ্ঞান অনুযদ এবং  
সমন্বয়কারী, বিজ্ঞান ইউনিট ভর্তি: ২০১৭-২০১৮  
ঢাকা বিশ্ববিদ্যালয়